

# বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট : [www.bb.org.bd](http://www.bb.org.bd)

বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০১/২০১৬

তারিখ : ২৯ মাঘ, ১৪২২  
১১ ফেব্রুয়ারি, ২০১৬

## ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান, বেসরকারি উন্নয়ন সংস্থা, সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

**জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাব অবরুদ্ধকরণ ও অন্যান্য বিষয়ে অনুসরণীয় নির্দেশনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়গণ,


জাতিসংঘ চার্টারের ৭নং অধ্যায়ের আওতায় আন্তর্জাতিক শাস্তি ও নিরাপত্তা রক্ষার নিমিত্তে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশনের নির্দেশনাসমূহ পরিপালনে অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেরও বাধ্যবাধকতা রয়েছে। এদিকে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ১৫(৩), ২০ ও ২০(ক) এর আওতায় জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশনের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন ও এর আওতায় তালিকাভুক্ত ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধ করার বিধান রয়েছে। আলোচ্য আইনের উক্ত বিধান এবং সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর সংশ্লিষ্ট বিধানসমূহ রিপোর্ট প্রদানকারী সংস্থাগুলো কর্তৃক যথাযথভাবে পরিপালনের নিমিত্তে এ ইউনিট হতে সার্কুলার, সার্কুলার লেটার, গাইডলাইন জারীপূর্বক সময়ে সময়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনাসমূহে ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তার রোধে গৃহীত রেজুলুশনে রিপাবলিক অব ইরানের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত ছিল।

এদিকে গত ২০ জুলাই, ২০১৫ তারিখে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে গৃহীত ২২৩১ নং রেজুলুশন মোতাবেক ইরান Joint Comprehensive Plan of Action (JCPOA) বাস্তবায়ন করায় ১৬ জানুয়ারি, ২০১৬ হতে ইতোপূর্বে ইরান বিষয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের গৃহীত রেজুলুশন নং ১৬৯৬, ১৭৩৭, ১৭৪৭, ১৮০৩, ১৮৩৫, ১৯২৯ ও ২২২৪ নং রেজুলুশনের কার্যকারিতা রাহিত হয়েছে।

উল্লেখ্য, জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক আন্তর্জাতিক শাস্তি ও নিরাপত্তা রক্ষার নিমিত্তে গৃহীত রেজুলুশনসমূহের (যে সকল রেজুলুশনে ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হয়েছে) আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামের একটি সমন্বিত তালিকা প্রস্তুত করা হয়ে থাকে যা নিয়মিত বিরতিতে পরিবর্তিত/পরিমার্জিত হয়। উক্ত তালিকা সর্বশেষ ১৭ জানুয়ারি, ২০১৬ তারিখে পরিবর্তিত/পরিমার্জিত হয় যা নিম্নবর্ণিত ওয়েবলিঙ্কে পাওয়া যাবেঃ <https://www.un.org/sc/suborg/en/sanctions/un-sc-consolidated-list>

উপর্যুক্ত বিষয়সমূহ সংশ্লিষ্ট সকল পক্ষের অবগতিতে আনয়ন ও বাস্তবায়নের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক ও অপারেশনাল হেড

ফোন : ৯৫৩০১১৮